গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[কর নীতি উইং]
সেগুনবাগিচা, ঢাকা
www.nbr.gov.bd

পত্র নম্বর-০৮.০১.০০০০.০৩০.০৩.২০.১৮/৭৫(১-৩৪) তারিখঃ ১৫ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ** ২০১৮-১৯ কর বছরে কোম্পানি এবং ব্যক্তি শ্রেণি এবং অন্যান্য করদাতা (যেমন: এনজিও, অংশীদারী ফার্ম, অন্যান্য ব্যক্তিসংঘ ইত্যাদি )এর আয়কর রিটার্ন ফরম দাখিল সংক্রান্ত নির্দেশনা।

এস, আর, ও নং ২৫৯-আইন/আয়কর/২০১৬ এর মাধ্যমে আয়কর বিধিমালা, ১৯৮৪ সংশোধন করে বিভিন্ন শ্রেণির করদাতার জন্য নিম্নরূপ নতুন আয়কর রিটার্ন ফরম প্রবর্তন করা হয়েছে:

| করদাতারশ্রেণি | রিটার্নফরম |
|---|---|
| ব্যক্তি-শ্রেণির (individual) করদাতা | IT-11GA2016 |
| কোম্পানি(company) করদাতা | IT-11GHA2016 |
| কোম্পানি এবং ব্যক্তি করদাতা ব্যতীত অন্যান্য করদাতা (যেমন: এনজিও, অংশীদারী ফার্ম, অন্যান্য ব্যক্তিসংঘ ইত্যাদি) | IT-11CHA2016 |

২। বিগত কর বছরগুলোর মতো ২০১৮-১৯ কর বছরেও ব্যক্তি শ্রেণির করদাতা ও কোম্পানি করদাতাগণের জন্য নতুন বা পুরাতন, যেকোন ফরমেই রিটার্ন দাখিল করার সুযোগ রাখা হয়েছে। নতুন ফরমে রিটার্ন দাখিল করলে রিটার্নের সাথে প্রযোজ্য তফসিলের নতুন ফরম ব্যবহার করতে হবে।

৩। ব্যক্তি-শ্রেণি ও কোম্পানি করদাতা ব্যতীত অন্যান্য শ্রেনির করদাতা (যেমন, এনজিও, ফার্ম, ব্যক্তিসংঘ ইত্যাদি )দের ক্ষেত্রে ২০১৮-১৯ কর বছর হতে কেবল নতুন ফরম IT-11CHA2016 তে রিটার্ন দাখিল করতে হবে। তবে এসব করদাতার ক্ষেত্রে ২০১৮-১৯ কর বছরে ইতোমধ্যে পুরাতন ফরমে রিটার্ন দাখিল করা হয়ে থাকলে পুণরায় নতুন ফরমে রিটার্ন দাখিল করতে হবে না।

৩০/৯/২০১৮
সুমন দাস
দ্বিতীয় সচিব ( কর আইন-১)

ব্যবস্থা নিন।
২৯.১০.২০১৮

বিতরণঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫, ঢাকা/বৃহৎ করদাতা ইউনিট/কেন্দ্রীয় জরীপ অঞ্চল, ঢাকা।

২। মহাপরিচালক, কর পরিদর্শন পরিদপ্তর/বিসিএস কর একাডেমী, ঢাকা।

৩। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪, চট্টগ্রাম।

৪। কর কমিশনার, কর অঞ্চল- খুলনা/রাজশাহী/সিলেট/রংপুর/ বরিশাল/ ময়মনসিংহ/ গাজীপুর/নারায়নগঞ্জ/কুমিল্লা/বগুড়া।

৫।সিস্টেমস ম্যানেজার,জাতীয় রাজস্ব বোর্ড,ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোডের জন্য)